



খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০২)



তারিখ : ২৪-০৩-২০২২ খ্রি.

নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ডিসিপ্লিনে প্রভাষক (বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- টাকা) এর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :


ক্রমিক নং	ডিসিপ্লিন	পদ সংখ্যা
১।	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন	০২ (দুই)টি (শূন্য পদের বিপরীতে)
২।	সয়েল, ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট ডিসিপ্লিন	০৩ (তিন)টি (শূন্য পদের বিপরীতে)
৩।	ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিন	০২ (দুই)টি (শূন্য পদের বিপরীতে)
৪।	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিসিপ্লিন	০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে)
৫।	ডিভেলপমেন্ট স্ট্যাডিজ ডিসিপ্লিন	০২ (দুই)টি (শূন্য পদের বিপরীতে)
৬।	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে)

যোগ্যতাঃ

- প্রার্থীর কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
- সংশ্লিষ্ট প্রার্থীকে-
 - বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, নগর ও অঞ্চল পরিকল্পনা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্ট্যাডিজ, শিক্ষা ও গবেষণা, আইন স্কুলভুক্ত ডিসিপ্লিনসমূহের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
 - কলা ও মানবিক এবং চারুকলা স্কুলভুক্ত ডিসিপ্লিনসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোনো একটিতে কমপক্ষে প্রথম শ্রেণি থাকতে হবে। অথবা সিজিপিএ ৪.০০ স্কেলের যে কোনো একটিতে ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।
- স্থাপত্য ডিসিপ্লিনের ক্ষেত্রে স্নাতক (০৫ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে একটিতে ন্যূনতম ৩.৫০ ও অন্যটিতে ৩.২৫ থাকতে হবে।
- সকল স্কুলভুক্ত ডিসিপ্লিনসমূহের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে অথবা সিজিপিএ (৫.০০+৫.০০)-এর মধ্যে কমপক্ষে মোট ৯.০০ থাকতে হবে। তবে চারুকলা স্কুলভুক্ত ডিসিপ্লিনসমূহের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষার একটিতে প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে। অথবা সিজিপিএ (৫.০০+৫.০০)-এর মধ্যে কমপক্ষে মোট ৮.০০ থাকতে হবে, তবে কোনোটিতে সিজিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

আবেদনের শর্তাবলী :

- আবেদন অনলাইন (Online)-এ করতে হবে এবং অনলাইনে পূরনকৃত আবেদন পত্র ডাউনলোড করতঃ প্রয়োজনীয় (৩নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০(দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর ১০-০৪-২০২২ খ্রি. তারিখ বেলা ৩-০০ টার মধ্যে ডাক যোগে/সরাসরি হার্ড কপি প্রেরণ করতে হবে। অনলাইন (Online)-এ আবেদনের সাথে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা অনলাইন (Online)-এ পেমেন্ট করতে হবে। অনলাইন (Online) আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (<http://ku.ac.bd/career/>) পাওয়া যাবে।
- চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদির সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবেঃ
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ-এর সত্যায়িত কপি
 - সকল মার্কসিট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি
 - নাগরিকত্ব সনদ / NID কার্ডের সত্যায়িত কপি
 - সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি ১০ (দশ) কপি
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।
- আগামী ২৭-০৩-২০২২ থেকে ১০-০৪-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইন (Online)-এ আবেদন করা যাবে।
- অত্র বিশ্ববিদ্যালয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিসিপ্লিনে গত ১৩-০৭-২০২০ খ্রি. প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- অনুমোদিত পদ থাকা সাপেক্ষে পদ সংখ্যার হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- নিয়োগ প্রদান সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


28/3/22

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা